

সীমিত

সাধারণ বিজ্ঞপ্তি

বিশ্ব হাইড্রোগ্রাফি দিবস ২০২৩ উপলক্ষ্যে **INDUSTRY EXHIBITION** এ অংশগ্রহণ

১। আগামী ২১ জুন ২০২৩ বিশ্ব হাইড্রোগ্রাফি দিবস উপলক্ষ্যে বাংলাদেশ নৌবাহিনীর তত্ত্বাবধানে ঢাকায় একটি সেমিনার আয়োজনের সিদ্ধান্ত নৌসদর কর্তৃক গৃহীত হয়েছে। সেমিনারটি ঢাকার বিজয় সারণীতে অবস্থিত বঙ্গবন্ধু সামরিক যাদুঘরের মাল্টিপারপাস হলে আয়োজন করা হবে। বর্ণিত সেমিনারে বাংলাদেশ নৌবাহিনী হাইড্রোগ্রাফিক সার্ভিসসহ ন্যাশনাল হাইড্রোগ্রাফিক কমিটির সকল সংস্থার উচ্চপদস্থ প্রতিনিধিগণ, বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও গবেষণা সংস্থার সদস্যবৃন্দ এবং দেশের মেরিটাইম সেক্টরের সকল শাখার স্টেইকহোল্ডারগণ অংশগ্রহণ করবেন। ভেন্যুতে বাংলাদেশ নৌবাহিনী হাইড্রোগ্রাফিক সার্ভিসের কর্মকান্ড ও যন্ত্রপাতি প্রদর্শন করা হবে। একইসঙ্গে, উক্ত সেমিনারে Hydrography, Oceanography ও Meteorology সংশ্লিষ্ট যন্ত্রপাতি প্রস্তুতকারী সংস্থাসমূহের স্থানীয় প্রতিনিধিদের অংশগ্রহণে একটি Industry Exhibition আয়োজনেরও পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। উক্ত প্রদর্শনীতে নিদিষ্ট ফী টাকা ২০,০০০/০০ (টাকা বিশ হাজার মাত্র) প্রদানের বিনিময়ে ১০' x ৬' (দশ বাই ছয় ফিট) মাপের স্টল বরাদ্দ এবং Product Portfolio প্রদর্শনের সুযোগ করে দেয়া হবে।

২। বিশ্ব হাইড্রোগ্রাফি দিবস ২০২৩ সেমিনার ভেন্যুতে অনুষ্ঠিতব্য Industry Exhibition এ অংশগ্রহণের বিষয়ে আগ্রহী হলে আগামী ০১ জুন ২০২৩ তারিখের মধ্যে নিম্ন ঠিকানায় আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

হাইড্রোগ্রাফি পরিদপ্তর

নৌসদর

বনানী, ঢাকা-১২১৩

ফোনঃ +৮৮ ০১৭৬৯ ৭০২১৭৫

ইমেইলঃ dhydrooffice@gmail.com

dhydro@navy.mil.bd

সীমিত